নিলাম বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক

বিজ্ঞ ১ম যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, গাজীপুর।

অর্থজারী মোকদ্দমা নং- ১১৪/২৩

সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকা ---------ডিক্রীদার

বনাম

১। মেসার্স ইলেকট্রো পালস লিঃ, পক্ষে চেয়ারম্যান আরিফুল হাই রাজীব, সাং- ৮০/৩ কাকরাইল (২য় তলা) ঢাকা।

২। আরিফুল হাই রাজীব, পিতাঃ মোঃ আব্দুল হাই, চেয়ারম্যান মেসার্স ইলেকট্রো পালস লিঃ, বর্তমানে সাং- ৮০/৩ কাকরাইল (২য় তলা) ঢাকা, স্থায়ী সাং- গ্রামঃ আইতন, থানাঃ চুনারোঘাট, জেলাঃ হবিগঞ্জ।

৩। মোঃ শামসুদ্দোহা, পিতাঃ মৃত নূও উদ্দিন আহাম্মেদ, পরিচালক মেসার্স ইলেকট্রো পালস লিঃ, সাং- ৪২৫, সেনপাড়া পর্বতা, মিরপুর ১৩, ঢাকা।

৪। শাহ আব্দুল্লাহ ফরহাদ, পিতাঃ ফরহাদ রহমান, পরিচালক মেসার্স ইলেকট্রো পালস লিঃ, সাং বাড়ি নং- ১২১ (৪র্থ তলা), রোড নং-৯/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা।

৫। ব্যাংক এশিয়া লিঃ, প্রিন্সিপাল শাখা, ১১১/১১৩ মতিঝিল বা/এ, ঢাকা।

৬। মের্সাস উইডার্স ইনকর্পোরেশন, সাং- ৭৪, এলিফেন্ট রোড এ আর সি টাওয়ার (২য় তলা), ঢাকা।

---------দায়ীক

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে দায়িকগণের নিকট থেকে ডিক্রীদার ব্যাংক বিগত ২৩/০৮/২০২৩ ইং তারিখ পর্যন্ত ডিক্রীদার সুদ সহ খরচ সহ ব্যাংকের প্রাপ্ত ৪,৮০,১৮,৭৫৯/- টাকা এবং পরবর্তী মামলা খরচ ও সুদসহ অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে আগামী ০৭/০৫/২০২৪ ইং তারিখে নিম্নরূপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে উক্ত তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

(১) আগামী ০৭/০৫/২৪ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরকারি বা রেজিষ্ট্রি ডাকযোগে আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

(২) নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

(৩) নিলাম দরপত্রের সাথে নিলালম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৪) প্রত্যেক দরদাতা উদ্বৃদ দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষ অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফ বা পে-অর্ডার বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত- ২, গাজীপুর এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(৫) দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা উদ্বৃত দর গৃহীত পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষো অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দনির মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

(৬) দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐদিন অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণ তাহাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

(৭) দরপত্রে পত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তপসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৮) নিম্ন তফসিল বর্নিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়- দায়ীত্ব ডিক্রীদার/ ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

(৯) উপরে বর্নিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ের আহ্বান করতে পারবেন।

(১০) কৃতকার্য দরদাতার অনুকূলে শর্ত পূরণ সাপেক্ষে তফসিল বর্নিত সম্পত্তির দখল অত্রাদালতের মাথ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ব্যাংকের উক্ত শাখা অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

(১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

সম্পত্তির তফসিল

(বন্ধকী সম্পত্তি-১)

জেলা- গাজীপুর থানা ও সাব রেজিষ্ট্রি অফিস গাজীপুর সদর, ১৬৮ নং মৌজা- 'মাঝুখান' স্থিত, খতিয়ান নং- সি. এস ৫৯, এস. এ ৯৩, জোত নং-২৩৫৬,

!) সাবেক ৩০০ নং দাগে বাইদ জমি ৭৭ শতাংশের কাতে ১৯.২৫ শতাংশ।

!!) সাবেক ১৩৯ নং দাগে চালা জমি ৪৫ শতাংশের কাতে ১১.২৫ শতাংশ।

এস. এ ৭৬ নং খতিয়ানে লিখিত

!) সাবেক ২৫৭ নং দাগে বাইদ জমি ১৬ শতাংশ।

!!!সাবেক ২৬২ নং দাগে বাইদ জমি ৩৪.৫০ শতাংশ।

!!!) সাবেক ৩০২ নং দাগে বাইদ জমি ১৯.৫০ শতাংশ।

উক্ত দুইটি খতিয়ানে ৫(পাঁচ)টি দাগে ১(এক) একর .৫০ (আধা) শতাংশ বন্ধকীকৃত।

(বন্ধকী সম্পত্তি-২)

জেলা- গাজীপুর থানা ও সাব রেজিষ্ট্রি অফিস গাজীপুর সদর, ১৪০ নং মৌজা- হায়দারাবাদ, স্থিত, খতিয়ান নং- সি. এস ৪২১, এস. এ ৮৯১, খতিয়ানে লিখিত সাবেক ২৩৮৪ নং দাগে বাইদ জমি ৯১ শতাংশের কাতে ৩৮ শতাংশ বন্ধকীকৃত।

উপরোক্ত দুইটি তফসিলে ১(এক) একর ৩৮.৫০(সাড়ে আটত্রিশ) শতাংশ সহ সকল কিছু বাদী ব্যাংক এর নিকট বন্ধকী কৃত বটে।

আদালতের আদেশক্রমে

২২/০২/২৪

সেরেস্তাদার

যুগ্ম জেলা জজ ও অর্থঋণ ১ম আদালত, গাজীপুর।